

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৬.১৫-৩৫

তারিখঃ ২৪-০১-২০১৭ খ্রিঃ

প্রেরকঃ মোঃ নূরুল ইসলাম
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।

প্রাপকঃ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
শরীয়তপুর।

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন শরীয়তপুর জেলার প্রাক্তন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মরহুম মোঃ হাবিব উল্যাহ-এর পারিবারিক এককালীন আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরি সংক্রান্ত।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন শরীয়তপুর জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জনাব মোঃ হাবিব উল্যাহ চাকরিরত অবস্থায় গত ০৪-০৮-২০১৫ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। তার পারিবারিক আনুতোষিক ও মাসিক অবসরভাতা নির্ধারিত পেনশন ফরমে (ফরম-২.২) যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করেছে।

২। মরহুম মোঃ হাবিব উল্যাহ-এর চাকরিকাল ২৫ বছরের অধিক হওয়ায় তিনি ৯০% হারে আনুতোষিক ও মাসিক অবসরভাতা প্রাপ্য। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শরীয়তপুর কর্তৃক প্রদত্ত ইএলপিসি অনুযায়ী তাঁর মূলবেতন ৩৮,৮৯০/- টাকা নির্ধারণ করা হয়েছে। উক্ত টাকার ৯০% হিসেবে অবসর ভাতা ৩৫,০০১/- টাকার ১ম অর্ধাংশ ১৭,৫০০.৫০ টাকার প্রতি টাকার বিনিময়ে ২৩০/- টাকা হারে (১৭,৫০০.৫০×২৩০) = ৪০,২৫,১১৫/- টাকা এবং ২য় অর্ধাংশ ১৭,৫০০.৫০ টাকা মাসিক অবসর ভাতা প্রাপ্য।

৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (আয়ন-ব্যয়ন কর্মকর্তা), শরীয়তপুর মঞ্জুরিকৃত আনুতোষিক উত্তোলনপূর্বক মরহুমের বৈধ উত্তরাধিকারীদের মধ্যে বিধি মোতাবেক বিতরণ করবেন।

৪। তাঁর পরিবারের অনুকূলে মঞ্জুরিকৃত অর্থ বিধি মোতাবেক পরিশোধ আদেশ (পিপিও) জারী করার জন্য নিম্নের কাগজপত্র এতৎসঙ্গে প্রেরণ করা হলঃ

১	পারিবারিক পেনশন ফরম ২.২ (ছবিসহ)	০১ (এক) সেট
২	উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	০১ (এক) পাতা
৩	ক্ষমতা অর্পণ ও অভিযাবক মনোনয়নের প্রত্যয়নপত্র (সংযোজনী-৭)	০১ (এক) পাতা
৪	মৃত্যুর প্রমাণপত্র	০২ (দুই) পাতা
৫	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১ (এক) পাতা
৬	চাকুরি বিবরণী	০৫ (পাঁচ) পাতা
৭	শেষ বেতনের প্রত্যয়নপত্র	০৯ (নয়) পাতা
৮	ইএলপিসি (সংযোজনী-১)	০১ (এক) পাতা
৯	এসএসসি সনদপত্র	০১ (এক) পাতা
১০	জাতীয় পরিচয়পত্র	০২ (দুই) পাতা
১১	প্রত্যয়নপত্র	০১ (এক) পাতা
১২	না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	০১ (এক) পাতা
১৩	ঘোষণা/ চুক্তিপত্র	০১ (এক) পাতা
১৪	আনুগত্য সনদ	০১ (এক) পাতা
১৫	না-দাবী প্রত্যয়নপত্র	০৭ (সাত) পাতা
১৬	বিভিন্ন কর্মস্থলের বিবরণী	০১ (এক) পাতা

অঃপঃদঃ/২

৫। ভবিষ্যতে কোন সরকারি পাওনার দাবী উত্থাপিত হলে তাঁর পারিবারিক পেনশনভোগী বিধি মোতাবেক তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

আপনার একান্ত,

(মোঃ নূরুল ইসলাম)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)
ফোনঃ ৯৫৪৫৮১৮।

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৬.১৫-৩৫/১(৬)

তারিখঃ ২৪-০১-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা
(এতে তাঁর ০২-১১-২০১৬ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.১০৪.১৫-৯৬২ সংখ্যক পত্রের যোগসূত্র রয়েছে)।
- ২। জেলা প্রশাসক, শরীয়তপুর।
- ৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (আয়ন-ব্যয়ন কর্মকর্তা), শরীয়তপুর।
- ৬। মোসাঃ মমতাজ বেগম, স্বামীঃ মরহুম মোঃ হাবিব উল্যাহ (স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ চুনার চর, ডাকঃ ডাকুর্তা, উপজেলাঃ সভার, ঢাকা।

(মোঃ নূরুল ইসলাম)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।